দৈনিক
ইনকিলাব

তারিখ ... 8 FEB 2008
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৫

সারা দেশে ৬৩ শিক্ষা প্রতিষ্ঠানকে মডেল বিদ্যালয় ঘোষণা

স্টাফ রিপোর্টার

সরকার দেশের ৬৩টি মাধ্যমিক বিদ্যালয়কে মডেল বিদ্যালয় ঘোষণা করেছে। দেশের সকল এলাকায় মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণের উদ্দেশে সরকার এই প্রথম উপজেলা পর্যায়ে এসব মডেল বিদ্যালয় স্থাপন করবে। জানা গেছে, দেশের যেসব উপজেলায় কোন সরকারী মাধ্যমিক বিদ্যালয় নেই তার মধ্য থেকে নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে এসব বিদ্যালয় নির্বাচন করা হবে। পর্যায়ক্রমে অন্যান্য উপজেলায় মডেল বিদ্যালয় স্থাপন করা হবে। নির্বাচিত এ সকল মাধ্যমিক পৃঃ ৮ঃ কঃ ৪

সারা দেশে ৬৩ শিক্ষা

১২-এর পৃষ্ঠার পর

বিদ্যালয়কে মডেল মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীতকরণের জন্য একটি পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। উল্লেখ্য পরিকল্পনার আওতায় এ সকল মাধ্যমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় অবকাঠামো, আসবাবপত্র, লাইব্রেরি, কম্পিউটার, ল্যাবরেটরি স্থাপন ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরবরাহ করা হবে। এছাড়াও শিক্ষক প্রশিক্ষণ, নিবিড় শিক্ষাক্রম তত্ত্বাবধানসহ গুণগত মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হবে। প্রথম পর্বে ৬৩টি জেলায় ৬৩টি উপজেলার ঘোষিত 'মডেল' বিদ্যালয়গুলো হচ্ছে- সাতার উপজেলাধীন সাভার প্রথম চন্দ্র উচ্চ বিদ্যালয়, রূপগঞ্জ উপজেলার মোড়াপাড়া পাইলট হাইস্কুল, টাঙ্গাইল উপজেলার সোনারং বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়, সিংগাইর উপজেলার সিংগাইর পাইলট উচ্চ বিদ্যালয়, শ্রীপুর উপজেলার শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয়, মনোহরদী উপজেলার মনোহরদী পাইলট উচ্চ বিদ্যালয়, ত্রিশাল উপজেলার নজরুল একাডেমী (মহিরামপুর হাইস্কুল), কালিহাতী উপজেলার কালিহাতী আর এস পাইলট উচ্চ বিদ্যালয়, বাঞ্ছিতপুর উপজেলার বাঞ্ছিতপুর হাফেজ আঃ রাজ্জাক পাইলট উচ্চ বিদ্যালয় সরিষাবাড়ী উপজেলার সরিষাবাড়ী রিয়াজ উদ্দিন তালুকদার উচ্চ বিদ্যালয়, পূর্বধলা উপজেলার পূ... জে. এম. পাইলট উচ্চ বিদ্যালয়, ঝিনাইগাতি উপজেলার ঝিনাইগাতি পাইলট উচ্চ বিদ্যালয়, আলফডাঙ্গা উপজেলার আলফডাঙ্গা আরিফুজ্জামান পাইলট উচ্চ বিদ্যালয়, বালিয়াকান্দী পাইলট উচ্চ বিদ্যালয়, রাজৈর উপজেলার রাজৈর গোপালগঞ্জ কে জে এস পাইলট ইনস্টিটিউট, মাদারীপুর উপজেলার মাদারীপুর বিহারী লাল উচ্চ বিদ্যালয়, মুকসুদপুর উপজেলার সরের মিয়া জমিরুদ্দিন (এস জে) উচ্চ বিদ্যালয়, মিরসরাই উপজেলার মিরসরাই পাইলট উচ্চ বিদ্যালয়, কক্সবাজার উপজেলার টেকনাফ পাইলট উচ্চ বিদ্যালয়, কাউখালী উপজেলার পোয়াপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়, খানছি উপজেলার খানছি উচ্চ বিদ্যালয়, মাটিরাঙ্গা উপজেলার মাটিরাঙ্গা পাইলট হাইস্কুল, চৌদ্দগ্রাম উপজেলার চৌদ্দগ্রাম এইচ জে পাইলট উচ্চ বিদ্যালয়, বাঞ্ছারামপুর উপজেলার বাঞ্ছারামপুর এস এম ... উচ্চ বিদ্যালয়, হাজীগঞ্জ উপজেলার হাজীগঞ্জ পাইলট হাইস্কুল এন্ড কলেজ, সোনাইমুড়ী উপজেলার সোনাইমুড়ী উচ্চ বিদ্যালয়, সোনাগাজী উপজেলার সোনাগাজী মোহাম্মদ সাবের পাইলট হাইস্কুল, রায়পুর উপজেলার লক্ষ্মীপুর এস এস পাইলট উচ্চ বিদ্যালয়, তানোর উপজেলার তানোর পৌরসভা উচ্চ বিদ্যালয়, রানীনগর উপজেলার রানীনগর পাইলট উচ্চ বিদ্যালয়, গুরুদাসপুর উপজেলার গুরুদাসপুর পাইলট উচ্চ বিদ্যালয়, নাচোল উপজেলার নাচোল পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, চাটমোহর উপজেলার চাটমোহর আরসিএন এন্ড বিএসএন পাইলট উচ্চ বিদ্যালয়, পাহাড়পুর উপজেলার পাহাড়পুর পাইলট উচ্চ বিদ্যালয়, পোরশা উপজেলার পোরশা ডি জে উচ্চ বিদ্যালয়, রংপুর সদর উপজেলার কাউনিয়া মোর্তাজুল হোসেন উচ্চ বিদ্যালয়, নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার কিশোরগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়, হাতীবান্ধা উপজেলার হাতীবান্ধা এস এস উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী জহি মিঞা উচ্চ বিদ্যালয়, বিরল উপজেলার বিরল পাইলট উচ্চ বিদ্যালয়, বালিয়াডাঙ্গী উপজেলার বালিয়াডাঙ্গী পাইলট উচ্চ বিদ্যালয়, তেঁতুলিয়া উপজেলার তেঁতুলিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও উপজেলার ইখড়ী কাটেংগা ফজলুল হক পাইলট মাধ্যমিক বিদ্যালয়, কালীগঞ্জ উপজেলার কালীগঞ্জ পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মংলা উপজেলার চাপনা বন্দর মাধ্যমিক বিদ্যালয়, ... উপজেলার শার্শা পাইলট মাধ্যমিক বিদ্যালয়, কোটচাঁদপুর উপজেলার কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়, দামিহা উপজেলার আড়পাড়া আইডিয়াল হাইস্কুল, লোহাগড়া উপজেলার লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়, আক্কেলপুর উপজেলার আক্কেলপুর এফইই পাইলট হাইস্কুল, কুমারখালী উপজেলার কুমারখালী এম এন পাইলট মাধ্যমিক বিদ্যালয়, আলমডাঙ্গা উপজেলার আলমডাঙ্গা বহুমুখী পাইলট মাধ্যমিক বিদ্যালয়, গাংনী উপজেলার গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, বামাইপাড়া উপজেলার বামাইপাড়া ইউনিয়ন ইনস্টিটিউশন (পাইলট) মেহেরপুর উপজেলার হাজীরহাট মাধ্যমিক বিদ্যালয়, নাইকল উপজেলার নাইকল মাধ্যমিক বিদ্যালয়, মঠবাড়িয়া উপজেলার কে এম লতিফ ইনস্টিটিউশন, রাজাপুর উপজেলার রাজাপুর পাইলট উচ্চ বিদ্যালয়, ঝালকাঠী উপজেলার ঝালকাঠী এ কে পাইলট হাইস্কুল, বালাগঞ্জ উপজেলার বালাগঞ্জ ডি এন উচ্চ বিদ্যালয়, বড়লেখা উপজেলার পাথারিয়া ছোটলিখা উচ্চ বিদ্যালয়, লাখাই উপজেলার বহৈম উচ্চ বিদ্যালয় ও ছাতক উপজেলার ছাতক বহুমুখী উচ্চ বিদ্যালয়।